

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৭. ঈদ ও জুমু'আহ একই দিনে একত্র হলে

باب إِذَا وَافَقَ يَوْمُ الْجُمْعَةِ يَوْمَ عِيدٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَرِيفٍ الْبَجَلِيُّ، حَدَّثَنَا أَسْبَاطُ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، قَالَ صَلَّى بِنَا ابْنُ الزُّبَيْرِ فِي يَوْمِ عِيدٍ فِي يَوْمِ جُمُعَةٍ أَوَّلَ النَّهَارِ ثُمَّ رُحْنَا إِلَى الْجُمُعَةِ فَلَمْ يَخْرُجْ إِلَيْنَا فَصَلَّيْنَا وُحْدَانًا وَكَانَ ابْنُ عَبَّاسٍ بِالطَّائِفِ فَلَمَّا قَدِمَ ذَكَرْنَا ذَلِكَ لَهُ فَقَالَ أَصَابَ السُّنَّة .

_ صحيح

বাংলা

১০৭১। 'আত্বা ইবনু আবূ রাবাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা 'আবদুল্লাহ ইবনুয যুবায়ির (রাঃ) জুমু'আহর দিনে আমাদেরকে নিয়ে ঈদের সালাত আদায় করেন। অতঃপর সূর্য পশ্চিশাকাশে একটু হেলে যাওয়ার পর আমরা জুমু'আহর সালাতের জন্য গেলাম, কিন্তু তিনি না আসায় আমরা একা একা (যুহরের) সালাত আদায় করে নিলাম। এ সময় 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) তায়েফে ছিলেন। তিনি তায়েফ হতে ফিরে এলে আমরা তার কাছে বিষয়টি উল্লেখ করলাম। তিনি বললেন, 'আবদুল্লাহ ইবনুয যুবায়ির সুন্নাত অনুযায়ী কাজ করেছেন।[1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Abbas:

Ata' ibn AbuRabah said: Ibn az-Zubayr led us in the 'Id prayer on Friday early in the morning. When we went to offer the Friday, he did not come out to us. So we prayed ourselves alone. At that time Ibn Abbas was present in at-Ta'if.



When he came to us, we mentioned this (incident) to him. He said: He followed the sunnah.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদের দিনে জুমু'আহ হলে জুমু'আহ ত্যাগের অনুমতি, হাঃ ১৫৯১), ইবনু খুযাইমাহ (হাঃ ১৪৬৫) সকলে ওয়াহাব ইবনু কায়সান হতে ইবনু 'আব্বাস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন